# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড


পল্লী ভবন

প্রোগ্রামিং শাখা

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.brdb.gov.bd


**বিষয়ঃ ২০ মে/২০২০ খ্রি: অনুষ্ঠিত বিআরডিবি'র ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এস. এম মাসুদুর রহমান<br>পরিচালক (প্রশাসন) |
| সভার তারিখ | : | ২০ মে/২০২০ খ্রি: |
| সভার সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | সভাপতি মহোদয়ের অফিস কক্ষ। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ২০১৯-২০২০ অর্থবছরের ইনোভেশন এবং এ সংশ্লিষ্ট বিষয়ে তিনি সকলের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। সে মোতাবেক বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার সুপারিশসমূহ পর্যালোচনা | ক. ইনোভেশন টিম কর্তৃক আয়োজিত বিগত ০৪ টি সভার বিষয়ে উপপরিচালক (প্রোগ্রামিং) ও সদস্য সচিব উপস্থিত সকলকে অবহিত করেন। এছাড়াও বিগত সভাসমূহে সকল আলোচ্য বিষয়সমূহের বাস্তবায়ন হয়েছে মর্মে সভায় জানানো হয়।<br>খ. ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী আরো ০১ টি সভা আহবানপূর্বক সংশ্লিষ্ট বিষয়াদি যথাযথভাবে নিরুপন করার বিষয়েও আলোচনা হয়। এছাড়া, এর মাধ্যমে কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন করাও সম্ভব হবে মর্মে সভায় আলোচনা হয়। | যথা সময়ে বাকী সভাগুলো আহবান ও সম্পন্ন করতে হবে। | উপপরিচালক (প্রোগ্রমিং) |
| ০২ | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর বাস্তবায়ন অবস্থা নিরুপন | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার মোট ১৫ টি সূচক রয়েছে। এর মধ্যে বেশিরভাগ লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করা সম্ভব হয়েছে। প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন , শোকেসিং, স্বীকৃতি/প্রনোদনা প্রদান, ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা এ লক্ষ্যমাত্রাসমূহ এখনও অর্জিত হয়নি। তাছাড়া জাতীয় পর্যায়ে একটি আইডিয়া বাস্তবায়নের বিষয়ে জরুরি ব্যবস্থা নেয়া প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে সকল সূচকমান অর্জনের ব্যবস্থা নিতে হবে। | উপপরিচালক (প্রোগ্রমিং) |
| ০৩ | উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয় | গ্রামীণ জনসাধারণের জীবনমান উন্নয়নে বিআরডিবি'র মাঠ পর্যায় থেকে প্রেরিত আইডিয়াসমূহ থেকে আইডিয়া বাছাইপূর্বক তা দেশব্যাপী স্কেলআপ/পাইলটিং এর জন্য | উদ্ভাবকদের পাইলটিং/স্কেলআপ এর জন্য প্রয়োজীয় বরাদ্দের ব্যবস্থা গ্রহণ | ইনোভেশন কমিটি |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ইনোভেশন খাত হতে অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | করতে হবে। | |
| ০৪ | প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন | সভায় জানানো হয় যে, ইতোমধ্যে 'উদ্ভাবন ও সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধি' বিষয়ে একটি কর্মশালা সম্পন্ন হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী উদ্ভাবন ও সেবা সহজিকরণের বাকী প্রশিক্ষণগুলো আয়োজনের লক্ষ্যে প্রশিক্ষণের তারিখ, অংশগ্রহণকারী, বাজেট ও অন্যান্য বিষয় নিয়ে আলোচনা হয়।<br><br>উপপরিচালক (প্রোগ্রামিং) সভায় সদর দপ্তরের কর্মকর্তাদের নিয়ে প্রশিক্ষণ/ কর্মশালা আয়োজন করার বিষয়ে সভায় প্রস্তাব পেশ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি সাপেক্ষে প্রশিক্ষণ/কর্মশালার তারিখ নির্ধারণ করত: বাজেটসহ অন্যান্য বিষয় মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপন করে যত দ্রুত সম্ভব প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনের ব্যবস্থা নিতে হবে। | ইনোভেশন কমিটি |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩।০৫।২০


এস. এম মাসুদুর রহমান
পরিচালক (প্রশাসন) অ:দা:
ও
সভাপতি, ইনোভেশন কমিটি
বিআরডিবি, ঢাকা
☎ ৮১৮০০০৪
E-mail: dradmn@brdb.gov.bd


স্মারক নং-৪৭.৬২.০০০০.৪১১.০৬.১৩৭.১৯-২৩৮৩ তারিখ: ২০ মে/২০২০ খ্রি:

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):
১. পরিচালক (অর্থ ও হিসাব) বিআরডিবি, ঢাকা।
২. যুগ্মপরিচালক (সিসিএম), বিআরডিবি, ঢাকা।
৩. উপপরিচালক (পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. সহকারী পরিচালক (পদাবিক), বিআরডিবি, ঢাকা।
৬. পরিচালক (প্রশাসন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

২৩।৫।2020


নাজনীন খানম
উপপরিচালক (প্রোগ্রামিং)
ও
সদস্য সচিব, ইনোভেশন কমিটি